



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন, নতুন বিমানবন্দর সড়ক
বনানী, ঢাকা-১২১২।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.১৩.৭৭১.২০১৪ (অংশ-২)-১৪৫৩

তারিখ: ০১/০৬/২০২০খ্রি:।

বিষয়ঃ করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য বিধি নিশ্চিত করে বাস/মিনিবাস চালুর নিমিত্তে ভাড়া বৃদ্ধির সংশোধিত তালিকা (চার্ট) প্রদর্শন এবং সে অনুযায়ী শর্ত প্রতিপালন করে ভাড়া আদায় সংক্রান্ত।

সূত্রঃ ১। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩১ মে ২০২০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন।

২। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পত্র নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৯৪, তারিখঃ ৩১-০৫-২০২০ খ্রিঃ।

৩। বিআরটিএ সদর কার্যালয়ের পত্র নং-৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.৯৫, তারিখঃ ৩১-০৫-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সুত্রসূত্র ১ নং প্রজ্ঞাপনের আলোকে (১) গত ০৩-০৫-২০১৬ খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনে উল্লেখিত আশুজাঙ্গলা ও দুরপাঙ্গা রুটে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে বিদ্যমান ভাড়ার (যাত্রী প্রতি কিলোমিটার সর্বোচ্চ ১.৪২ টাকা) ৬০ শতাংশ, (২) গত ১৬-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লেখিত ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার যথাক্রমে ১.৭০ টাকা ও ১.৬০ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে যাত্রী প্রতি কিলোমিটার সর্বনিম্ন যথাক্রমে ৭.০০ টাকা ও ৫.০০ টাকার ৬০ শতাংশ, (৩) ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়ার হার প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার ৬০ শতাংশ বৃদ্ধি করে বাস/মিনিবাসে ভাড়ার তালিকা (চার্ট) প্রদর্শন এবং সে অনুযায়ী ভাড়া আদায়ের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। প্রজ্ঞাপনে উল্লেখিত শর্তাবলী নিম্নরূপভাবে প্রদান করা হয়েছেঃ

- (ক) একজন যাত্রীকে বাস/মিনিবাসের পাশাপাশি দুইটি আসনের একটি আসনে বসিয়ে অপর আসনটি অবশ্যই ফাঁকা রাখতে হবে। স্বাস্থ্য বিধি অনুসারে শারীরিক ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কোনভাবেই সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লেখিত মোটর আসন সংখ্যার অর্ধেকের বেশি যাত্রী বহন করা যাবে না এবং দাঁড়িয়ে কোন যাত্রী বহন করা যাবে না;
- (খ) বর্ণিত প্রজ্ঞাপনদ্বয়ে উল্লেখিত ভাড়ার হারে প্রচলিত ভাড়ার চার্টে বর্ণিত ভাড়ার সাথে সরকার কর্তৃক অনুমোদিত ভাড়া বৃদ্ধির হার যোগ করে নতুন ভাড়া নির্ধারিত হবে;
- (গ) স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস/মিনিবাস পরিচালনা করতে হবে;
- (ঘ) অনুমোদিত ভাড়ার হার করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত সংকটকালের জন্য প্রযোজ্য হবে। এ সংকট দূর হলে উল্লেখিত প্রজ্ঞাপনদ্বয়ের বিদ্যমান হারে ভাড়া পুনঃপ্রযোজ্য হবে।

৩। এমতাবস্থায়, করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য বিধি নিশ্চিত করে বাস/মিনিবাস চালুর নিমিত্তে ভাড়া বৃদ্ধির সংশোধিত তালিকা (চার্ট) বিআরটিএ'র সংশ্লিষ্ট অফিস থেকে সংগ্রহ এবং বাস/মিনিবাসে তা প্রদর্শন ও সে অনুযায়ী ভাড়া আদায় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ লোকমান হোসেন মোল্লা)
পরিচালক (ইঞ্জিঃ)
ফোনঃ ৫৫০৪০৭১৬।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ২। চেয়ারম্যান/জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, হাজী আহসান উল্লাহ কমপ্লেক্স, ২৫৭/ক, বাগবাড়ি, দাবুসসালাম, মিরপুর রোড, ঢাকা-১২১৬।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।

অনুলিপি (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
- ২। উপপরিচালক (ইঞ্জিঃ-৩), বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
- ৩। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ঢাকা বিভাগীয় কার্যালয়, মিরপুর-১৩, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, নতুনপাড়া, হাটহাজারী, চট্টগ্রাম।
- ৫। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ রাজশাহী বিভাগীয় কার্যালয়, নওদাপাড়া, আমচত্তর, রাজশাহী।
- ৬। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ খুলনা বিভাগীয় কার্যালয়, বাদামতলা, শিরমনি, খুলনা।
- ৭। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ সিলেট বিভাগীয় কার্যালয়, কালেক্টরেট বিল্ডিং, সিলেট।
- ৮। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ বরিশাল বিভাগীয় কার্যালয়, কালেক্টরেট বিল্ডিং, বরিশাল।
- ৯। উপ-পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ রংপুর বিভাগীয় কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।